


নং-৪৬.৪২.৩৬০০.০০০.৯৯.০৪২.১৫. ২৬৪

তারিখঃ ২৬ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জেলা পরিষদের নিয়োজিত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিলের সুদ প্রদান সংক্রান্ত।

জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এর বিধি ৪ (১) ও (২) মোতাবেক প্রত্যেক কর্মচারীর নিকট থেকে মূল বেতনের ১০% এর সমপরিমাণ অর্থ চাঁদা হিসেবে কর্তন করে ভবিষ্য তহবিলে জমা করা হয় এবং পরিষদ প্রতিমাসে মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকার চাঁদা তহবিলে জমা প্রদান করে থাকে। জেলা পরিষদ কর্মচারী (ভবিষ্য তহবিল এবং আনুতোষিক) বিধিমালা, ১৯৮৮ এর বিধি ৭ (২) মোতাবেক সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে পরিষদ প্রত্যেক চাঁদা প্রদানকারীকে তাহার ভবিষ্য তহবিল হিসাবে জমাকৃত চাঁদার উপর সুদ প্রদান করবে মর্মে উল্লেখ রয়েছে। উল্লেখ্য জেলা পরিষদের চাঁদা প্রদানকারীদের অদ্যাবধি কোন প্রকার সুদ প্রদান করা হয়নি ফলে কর্মচারীরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। জেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিলে সরকার নির্ধারিত ১৩% হারে সুদ প্রদানের জন্য জেলা পরিষদের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, জেলা পরিষদের নিয়মিত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিলে সরকার নির্ধারিত ১৩% হারে সুদ প্রদানের বিষয়ে মতামত দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জেলা পরিষদ,
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।